# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৮৩ তারিখঃ ০৯/১১/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"ফরিদপুর জেলার সদরপুর উপজেলার আকোটেরচর এলাকায় পদ্মা নদীর ডানতীর ভাঙ্গনের কবল থেকে রক্ষাকল্পে নদী তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি/সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইএসপিপি, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পওর বিভাগ, বাপাউবো, ফরিদপুর। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) প্রকল্প সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্পের ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন আকোটেরচর নামক পদ্মা নদীর ডান তীর ভাঙ্গনের কবল থেকে রক্ষাকল্পে নদী তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত প্রকল্প এলাকায় সংশ্লিষ্ট নদী Site Plan/ম্যাপে প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা পেশ করবেন;

ঘ) সদরপুর উপজেলাধীন আকোটেরচর নামক এলাকায় পদ্মা নদীর ডান তীর ভাঙ্গনের কবল থেকে রক্ষাকল্পে স্থায়ী নদী তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট নদীর (channels) পানি ধারণ ক্ষমতা/নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থানসহ অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণের যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশমালা পেশ করবেন;

ঙ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (Sketch Map) সংযোজন পূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

চ) নদীর উভয় পাড়ে ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

ছ) বনায়ন বাবদ অর্থের সংস্থান রাখা এবং কোন প্রজাতির কতগুলো গাছ রোপন করা হবে তার বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করবেন;

জ) নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

ঝ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঞ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ট) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঠ) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/ 5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েব সাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭ .১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৯/১১/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।
আইডি নং-৬৬০৬০৬০০১
ফোন: ০২২২২২৩০০৪২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ইএসপিপি, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা।
৩। জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর পওর বিভাগ, বাপাউবো, ফরিদপুর।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।

ডায়েরী নং ৩৬৮৮ তারিখঃ ১৬/১০/২২
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
আমাকে পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা